

ত্রি-পদী কবিতা

১. রাত জেগে কবিতা খাই
এত খাই
তবু পেট ভরে না।

২. মাথার ভিতর অসংখ্য কবিতার বীজ
সাদা কাগজে তাই কলম রাখি প্রতিরাত
আমি জানি, একদিন সকলকে ছায়া দেবে।

৩. কতো মানুষ কতো কিছু খেলে
কেউ হাড়ুডু, ভলি, কেউ ক্যারাম
আমি দিনরাত কবিতা-খেলি।

৪. কলমে যখন শব্দের-কালি শেষ
কবিতার-জল খাই
কলম কবিতার মা হয়।

৫. কবিতার-কালি দিয়ে আমি যে মানুষ আঁকি
তার গা কেটে গেলে
ফোঁটা ফোঁটা রক্ত বের হয়, কবিতার।

৬. মনের মধ্যে কবিতার-মেঘ
মেঘের মত উড়া-উড়ি
তবুও কলম বন্ধ নারী।

প্রবীর মন্ডল

